স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬

বাংলা

সেমেস্টার: ২ কোর্স: ১

বাংলা সাহিত্যের ইতিহাস (ফোর্ট উইলিয়াম থেকে ১৯৭০ পর্যন্ত)

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১. পণ্ডিতি গদ্য আর মুখের ভাষা দুয়ের সমন্বয়ে কীভাবে উনিশ শতকের বাংলা গদ্য সুস্থিতি লাভ করে সে বিষয়ে তোমার অভিমত দাও। ১০

২. উনিশ শতকের প্রথমার্ধে সমাজ সংস্কার আন্দোলনের সূত্রে বাংলা গদ্য সাহিত্যের যে বিস্তার ঘটেছিল তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

৩. উনিশ শতকের বাংলা সাহিত্যে চা-বাগানের শ্রমজীবী মানুষের প্রতিনিধিত্ব আলোচনা করো। এই সাহিত্যধারার ঐতিহাসিক তাৎপর্য বিচার করো। ১০

একক-২

৪. প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তী ইওরোপীয় সাহিত্যের পর্বান্তর বাংলা সাহিত্যকে প্রভাবিত করেছে, আলোচনা করো। ১০

৫. বাংলা পত্রপত্রিকার ইতিহাসে 'সবুজ পত্র' পত্রিকার স্বাতন্ত্র্য ও গুরুত্ব আলোচনা করো। ১০

৬. বাংলা পেশাদার রঙ্গমঞ্চ রবীন্দ্রনাথকে সম্পূর্ণভাবে আত্মস্থ করতে পারেনি, আবার রবীন্দ্রনাথও এক স্বতন্ত্র নাট্য-পরিসর নির্মাণ করেছিলেন— বিশ শতকের বাংলা রঙ্গমঞ্চের পরিপ্রেক্ষিতে উক্তিটির ঐতিহাসিক ও নন্দনতাত্ত্বিক তাৎপর্য আলোচনা করো। ১০

একক-৩

৭. বাংলা সাহিত্যে 'শাস্ত্রবিরোধী' আন্দোলন কীভাবে প্রচলিত সাহিত্যধারা, নৈতিকতা ও সমাজচেতনার বিরুদ্ধে এক বিদ্রোহী মানসিকতার জন্ম দিয়েছিল উদাহরণ সহ তা বিশ্লেষণ করো। ১০

৮. প্রবন্ধ সাহিত্য রচনায় বাদল সরকারের কৃতিত্ব আলোচনা করো। ১০

৯. শক্তি চট্টোপাধ্যায়ের কবি প্রতিভার পরিচয় দাও। ১০

১০. টীকা লেখো (যে-কোনো দুটি) ২×৫=১০

ক) আলালের ঘরের দুলাল খ) কল্লোল যুগ গ) নরেশচন্দ্র সেনগুপ্ত ঘ) প্রগতি সাহিত্য সঙ্ঘ ঙ) সতীনাথ ভাদুড়ী চ) মন্বন্তরের গল্প

**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬**

**বাংলা**

**সেমেস্টার: ২ কোর্স: ২**

**বাংলা কাব্য (আধুনিক যুগ)**

**সময়: ৩ ঘন্টা** **পূর্ণমান: ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। 'মেঘনাদবধ কাব্য'-এর সীতা-সরমা সংলাপের ভাবগত ও রূপগত বিশিষ্টতা আলোচনা করো। ১০

২। 'মেঘনাদবধ কাব্য'-এর বিভিন্ন সর্গে লঙ্কার সাধারণ প্রজার যে পরিচয় পাওয়া যায় পাঠ্যাংশ অনুসারে তার বিবরণ দাও। ১০

৩। প্রমীলা ও ইন্দ্রজিতের স্বর্গারোহণের দৃশ্যটির কাব্যগত গুরুত্ব আলোচনা করো। ১০

একক-২

৪। কবি জীবনানন্দ দাশের 'আটবছর আগের একদিন' কবিতার মধ্যে অভিব্যক্ত 'ট্রাজিক সেন্স'-এর স্বরূপ আলোচনা করো। ১০

৫। জীবনানন্দের '১৯৪৬-৪৭' কবিতা শুধু ইতিহাসের ক্রান্তিলগ্নের মানবিক বিপর্যয়ের বিবরণনামা মাত্র নয়। বরং একজন সংবেদনশীল চৈতন্যপ্রখর যুগযাত্রিকের সহৃদয় জীবনবীক্ষা।—মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

৬। "তীব্র আবেগদীপ্ত কামনার মধ্য দিয়ে বিষ্ণু দে-র 'ঘোড়সওয়ার' কবিতায় সমাজভাবনাসহ বহুতর ব্যঞ্জনা প্রকাশ পেয়েছে।" আলোচনা করো। ১০

একক-৩

৭। সুভাষ মুখোপাধ্যায়ের প্রচারধর্মী কবিতাও কাব্যরসে পরিপূর্ণ। পাঠ্য কবিতা 'মিছিলের মুখ' অবলম্বনে মন্তব্যটি বিচার করো। 'জেগে উঠে আমাকে জাগায়'— কবি একথা কেন বলেছেন? ৮+২=১০

৮। সত্তর দশকে নকশাল আন্দোলনের প্রেক্ষাপটে লেখা 'পূর্বপক্ষ' ও 'উত্তরপক্ষ' কবিতার মধ্য দিয়ে কবি কীভাবে দুই প্রজন্মের দ্বন্দ্ব ও জীবনবোধের ফারাককে তুলে ধরেছেন তা আলোচনা করো। 'বাবাদের ধিক্' বলার কারণ কী? ৮+২=১০

৯। 'সে রোদ্দুর হতে চেয়েছিল।' পাঠ্য কবিতা অবলম্বনে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি): ২×৫=১০

ক) বারুণী

খ) 'ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়-—'

গ) "তুমি ভেবেছিলে উন্মাদ ক'রে দেবে?"

ঘ) 'এ মাটিতে/সমাজতন্ত্র দখল নেবে।'

ঙ) 'দড়ি পাকানো সেই গাছ/তখনও হাসছে।।'

চ) 'থাকা মানে আলোতে-কালোতে আঁকা ছবি'।

**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬**

**বাংলা**

**সেমেস্টার: ২ কোর্স: ৩**

**বাংলা নাটক**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

**একক-১**

১। "'অলীকবাবু' নাটকে নারী চরিত্রদুটি অকিঞ্চিৎকর, এবং তাদের ক্রিয়া ও কথনে নারীর গৌরবও ক্ষুণ্ণ হয়েছে।"—আলোচনা করো। ১০

২। 'অলীকবাবু' প্রহসনে অলীক, হেমাঙ্গিনী, গদাধর এবং প্রসন্ন— চারজনই বিবাহে আগ্রহী। কিন্তু তাদের প্রত্যেকের আগ্রহের পিছনে ঊনবিংশ শতাব্দীর নানাবিধ টানাপোড়েন ভিন্ন ভিন্ন ভাবে কাজ করে যাচ্ছে।— আলোচনা করো। ১০

৩। প্রহসন হলেও, এবং 'অলীকবাবু' কোনো বিশেষ সামাজিক বিষয়ের সমালোচনা করে না লেখা হলেও, তাতে সমাজ-সম্পর্কিত নানারকম কটাক্ষ আছে।— আলোচনা করো। ১০

**একক-২**

৪। 'টিনের তলোয়ার' নাটকে মথুর মেথরের সংলাপ অংশকে 'Key-note of the Play' বলা যায় কিনা আলোচনা করো। ১০

৫। 'টিনের তলোয়ার' নাটকে 'টিনের' তলোয়ার কীভাবে প্রতিবাদের হাতিয়ার হয়ে উঠেছে, লেখো। ১০

৬। 'থিয়েটার ছাড়া বাঁচবো না' এবং 'আবার গরীব হয়ে যেতেও পারব না'—'টিনের তলোয়ার' নাটকে ময়না-র এই স্বীকারোক্তি তার অতীত আর অভিনেত্রী জীবনকে কীভাবে চিহ্নিত করেছে, আলোচনা করো। ১০

**একক-৩**

৭। 'এবং ইন্দ্রজিৎ'-কে তুমি অ্যাবসার্ড নাটক বলবে কিনা যুক্তিসহ আলোচনা করো। ১০

৮। 'এবং ইন্দ্রজিৎ' নাটকে অমল-বিমল-কমলদের যাপনকে কীভাবে তুলে ধরেছেন বাদল সরকার, লেখো। ১০

৯। 'সবই তো মানছি। কিন্তু নিয়ম মানাটাই উচিত এ কথাটাও কি মানতে হবে?'— সংলাপটির সূত্রে 'এবং ইন্দ্রজিৎ' নাটকে ইন্দ্রজিৎ-এর মনোভঙ্গির পরিচয় দাও। ১০

১০। টীকা লেখো (যে-কোনও **দুটি**): ২x৫= ১০

(ক) 'অলীকবাবু' প্রহসনে Malapropism

(খ) হেমাঙ্গিনীর নভেলপ্রীতি

(গ) 'কাপ্তেনবাবু'

(ঘ) প্রিয়নাথ

(ঙ) মানসী

(চ) 'আবর্তনের অঙ্ক'

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬

বাংলা

সেমেস্টার : ২ কোর্স : ৪

বাংলা কথাসাহিত্য

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক—১

১। 'রাজসিংহ' উপন্যাসের অগ্রগতিতে চিঠিপত্রের বিশেষ গুরুত্ব আছে। — আলোচনা করো। ১০

২। অতিনাটকীয়তা 'রাজসিংহ' উপন্যাসের অন্যতম লক্ষণ। — এ সম্পর্কে তোমার অভিমত বিস্তারে লেখো। ১০

৩। জেবউন্নিসা-মবারক-দরিয়ার ত্রিভুজ প্রেম 'রাজসিংহ' উপন্যাসকে ভিন্ন মাত্রা দিয়েছে। — বিশদে লেখো। ১০

একক—২

৪। 'আরণ্যক' উপন্যাসে পরতে পরতে দরিদ্র ও প্রান্তিক মানুষদের অর্থনৈতিক সমস্যার সঙ্গে সঙ্গে বর্ণভেদের চিত্র উঠে এসেছে। — তোমার ভাবনা অনুযায়ী বক্তব্যটি ব্যাখ্যা করো। ১০

৫। সত্যচরণের প্রকৃতি দর্শন এবং সেই অনুভূতি বর্ণনায় বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের শব্দ-ভাষা-শৈলী ব্যবহারের কৃতিত্ব বিশ্লেষণ করো। ১০

৬। কুন্তা ও যুগলপ্রসাদের চরিত্র আলোচনা প্রসঙ্গে তাদের সম্পর্কে কথক সত্যচরণের ধারণা ব্যক্ত করো। ১০

একক—৩

৭। 'হারানের নাতজামাই' গল্পে ময়নার মা কীভাবে তেভাগা আন্দোলনের তথা বিপ্লবের মা হয়ে উঠেছে তা আলোচনা করো। ১০

৮। "মরিবে না। সে কিছুতেই মরিবে না। বনের পশু যে অবস্থায় বাঁচে না সেই অবস্থায়, মানুষ সে, বাঁচিবেই।" — লেখকের এই উক্তির আলোকে ভিখু চরিত্রটির প্রাগৈতিহাসিক সত্তা বিচার করো। ১০

৯। বিমল করের 'জননী' গল্পে মায়ের পাঁচ সন্তান কেন এবং কীভাবে তাদের মাকে পরিপূর্ণতায় ভরে দিয়েছিল তা তোমার ভাবনার আলোকে পরিস্ফুট করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দু'টি): ২×৫=১০

ক। মানিকলাল

খ। নির্মলকুমারী

গ। টাঁড়বারো

ঘ। ভানুমতী

ঙ। 'পৃথিবীর আলো আজ পর্যন্ত তাহার নাগাল পায় নাই'।

চ। মলিনা